ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৩৩৪

আগরতলা, ১৩ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"ওয়ার্ড মাস্টারের অনধিকার চর্চায় ক্ষুব্ধ পুলিশ মহল," এই শিরোনামে গত ৯ আগস্ট,২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে ধর্মনগরস্থিত উত্তর জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,ধর্মনগর থানা থেকে ২৪x৭ ভিত্তিতে মোতায়েন থাকা নিরাপত্তাকর্মী ও উত্তর জেলা হাসপাতালের এক কর্মচারীর মধ্যে গত ৫ আগস্ট,২০২৫ তারিখে কিছু ভুল বোঝাবুঝি সৃষ্টি হয়েছিল। উল্লেখ্য, উত্তর জেলা হাসপাতালের পেছনে নিরাপত্তাকর্মীদের জন্য একটি পৃথক কক্ষ বরাদ্দ রয়েছে। কর্তব্যরত পুলিশকর্মীরা সাধারণত বেশি জনসমাগমপূর্ণ এলাকায়, বিশেষ করে ওপিডি চলাকালীন সময়ে স্ট্যান্ডবাই অবস্থায় থাকেন। তবে এটা সত্য যে, কখনও কখনও তারা টিকিট কাউন্টারে কিছু সময় বসে থাকেন।সেইদিন ডিউটিরত পুলিশ কর্মীদের অভিযোগ অনুসারে, উত্তর জেলা হাসপাতালেরসৌগত মল্লিক নামে একজনওয়ার্ড মাস্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী জেলা হাসপাতালেরটিকিট কাউন্টারে প্রবেশের অনুমতি না দিয়ে তাঁদের সঙ্গে অশোভন আচরণ করেন। এই অভিযোগের পরিপ্রেক্ষিতে জেলা হাসপাতাল কর্তৃপক্ষের অভিমত হল,এ বিষয়টি ওই কর্মচারী উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাননি বা তাঁদের বসার কোনও বন্দোবস্তও করেননি। উক্ত কর্মচারীকেও এক্ষেত্রে সতর্ক করা হয়েছে।

******